



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়
উত্তরাঞ্চল, রাজশাহী-৬২০৩।

Website: www.post.rajshahidiv.gov.bd



স্মারক নংঃ ১৪.৩১.৮১০০.৩১১.১১.০০১.১৮(লুজ)

তারিখ: ২০/০৭/২০২২ খ্রিঃ

বিষয়ঃ পোস্টমাস্টার জেনারেল, উত্তরাঞ্চল, রাজশাহী এর ছাড়পত্র প্রাপ্ত অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং প্যাকার কাম মেইল ক্যারিয়ার পদের লিখিত পরীক্ষার সময়সূচী, কেন্দ্রের নাম, প্রবেশপত্রের ডাউনলোড লিংক।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্মারক নং ১৪.৩১.৮১০০.৩১১.১১.০০১.১৮ তারিখ ০৯/০৯/২০১৯ এবং ১০/১১/২০২১ খ্রিঃ মূলে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদসমূহের মধ্যে আগামী ৩০/০৭/২০২২ খ্রিঃ তারিখে নিম্নোক্ত ছকে বর্ণিত পদসমূহের লিখিত পরীক্ষা বর্ণিত সময়সূচী অনুযায়ী ছকে বর্ণিত ভেন্যুসমূহে অনুষ্ঠিত হবে।

১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ব্যবহারিক পরীক্ষা প্রবেশপত্রে উল্লিখিত সময়সূচী ও ভেন্যু অনুযায়ী ০৫/০৮/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় কম্পিউটার ল্যাব, পোস্টাল একাডেমী, রাজশাহীতে অনুষ্ঠিত হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষা প্রবেশপত্রে উল্লিখিত সময়সূচী ও ভেন্যু অনুযায়ী ০৬/০৮/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় মিনি কনফারেন্স রুম, পোস্টমাস্টার জেনারেল, উত্তরাঞ্চল, রাজশাহীতে অনুষ্ঠিত হবে।

২) প্যাকার কাম মেইল ক্যারিয়ার পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষা প্রবেশপত্রে উল্লিখিত সময়সূচী ও ভেন্যু অনুযায়ী ০৬/০৮/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় মিনি কনফারেন্স রুম, পোস্টমাস্টার জেনারেল, উত্তরাঞ্চল, রাজশাহীতে অনুষ্ঠিত হবে।

লিখিত পরীক্ষার তারিখ ও সময়	পদের নাম	পদের রোল নম্বর	লিখিত পরীক্ষার ভেন্যু
৩০/০৭/২০২২ খ্রিঃ সকাল ১০:০০ ঘটিকা	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	১৬০০০০০০১-১৬০০০১৫০০	রাজশাহী লোকনাথ উচ্চ বিদ্যালয়
	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	১৬০০০১৫০১-১৬০০০২০১৭	নওদাপাড়া বালিকা উচ্চ বিদ্যালয়
	প্যাকার কাম মেইল ক্যারিয়ার	১৩০০০০০১- ১৩০০২৩৮৩	রাজশাহী সরকারী মডেল স্কুলএন্ড কলেজ, কাজীহাটা।

উক্ত পদসমূহের পরীক্ষার্থীরা নিম্নলিখিত সংশ্লিষ্ট লিংকে প্রবেশ করে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে। একই প্রবেশপত্রে ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষায় অংশগ্রহণকারী আবেদনকারীদের কোনো প্রকার টিএডিএ প্রদান করা হবে না।

1) post code: 160

<http://card.pmgnc.teletalk.com.bd/admitcard/index.php>

2) post code:130

<http://pmgnc.teletalk.com.bd/admitcard/index.php>

এমতাবস্থায়, পরীক্ষার্থীগণকে উক্ত লিংক হতে প্রবেশপত্র ডাউনলোড করে কালার প্রিন্ট করে প্রবেশপত্রে বর্ণিত নির্দেশনা অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(শরীফ লতীফ)

ডেপুটি পোস্টমাস্টার জেনারেল (সঞ্চয়)
ও সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি।

